

উপজেলা পরিষদ কার্যালয়
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গফরগাঁও/উপজেলা কমিটি/২০২২-

তারিখঃ ১৫/০৩/২০২২খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটির সম্মানিত সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ২২/০৩/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

সভার আলোচ্যসূচি :

- ১। যোগাযোগ ও রাস্তাঘাট নির্মাণ সংক্রান্ত
- ২। বিবিধ।



(মোঃ আতাউর রহমান)
উপজেলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রকৌশলী স্থানীয় সরকার ময়মনসিংহ।
- ২। উপ- পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ
- ৫। চেয়ারম্যান..... ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রকৌশলী (এলজিইডি) এর কার্যালয়
স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর
গফরগাঁও, ময়মনসিংহ।

যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি : জনাব মোঃ আতাউর রহমান, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ গফরগাঁও, ময়মনসিংহ।
সভার স্থান : উপজেলা প্রকৌশলী (এলজিইডি) এর কার্যালয়, গফরগাঁও, ময়মনসিংহ।
তারিখ : ২২/০৩/২০২২ খ্রি.

সময় : সকাল ১০.০০ টা

সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট "ক" দ্রষ্টব্য।

সভাপতি সভার সকল সদস্যবৃন্দকে ধন্যবাদ জানিয়ে সভার কার্য শুরু করেন। সভার শুরুতে উপজেলা ভাইস চেয়ারম্যান ও সভাপতি, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটি, গফরগাঁও উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ও সদস্য সচিবকে আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করার জন্য অনুরোধ জানান।

আলোচনা : ১ উপজেলা প্রকৌশলী (এলজিইডি) ও সদস্য সচিব, যোগাযোগ ও ভৌত অবকাঠামো বিষয়ক উপজেলা কমিটি, গফরগাঁও সভায় উল্লেখ করেন যে, জনাব জাকির হোসেন, উপজেলা প্রকৌশলী, গফরগাঁও সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) এর আওতায় (২০১৯-২০ অর্থবছর) ৪র্থ পর্যায়ে গফরগাঁও উপজেলায় অবকাঠামো উন্নয়ন উপ-প্রকল্প ক). "গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা রোগীদের চিকিৎসা প্রদানের জন্য সেন্ট্রাল অক্সিজেন সরবরাহলাইন ও ক্রিটিক্যাল রোগীদের চিকিৎসার জন্য আইসোলেটেড কেবিন স্থাপন INF২০১৯-২০২০-৪৫৬১২২-০১" ও খ). "গয়েশপুর ও দত্তের গ্রামীণ বাজার উন্নয়ন (৬টি শেড নির্মাণ) INF২০১৯-২০২০-৪৫৬১২২-০২" ঠিকাদারগন কর্তৃক সম্পন্ন করা হয়েছে এবং সংশ্লিষ্ট ঠিকাদারগন কর্তৃক বিল দাখিল করা হয়েছে উক্ত বিলদুটি উপজেলা পরিষদের সভায় অনুমোদনের মাধ্যমে ঠিকাদারের অনুকূলে পরিশোধ করতে সিদ্ধান্ত কামনা করেন এবং চূড়ান্ত অনুমোদনের জন্য ইউজিডিপি প্রকল্পের প্রকল্প পরিচালক মহোদয় বরাবরে প্রেরণের জন্য সভায় উপস্থাপন করেন।

সিদ্ধান্ত : সভায় বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতি ক্রমে উপজেলা পরিচালন ও উন্নয়ন (ইউজিডিপি) প্রকল্পের আওতায় বাস্তবায়িত ক). "গফরগাঁও উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে করোনা রোগীদের চিকিৎসা প্রদানের জন্য সেন্ট্রাল অক্সিজেন সরবরাহলাইন ও ক্রিটিক্যাল রোগীদের চিকিৎসার জন্য আইসোলেটেড কেবিন স্থাপন INF২০১৯-২০২০-৪৫৬১২২-০১" ও খ). "গয়েশপুর ও দত্তের বাজার গ্রামীণ বাজার উন্নয়ন (৬টি শেড নির্মাণ) INF২০১৯-২০২০-৪৫৬১২২-০২" ঠিকাদারগন কর্তৃক সম্পন্ন করা হয়েছে এবং সংশ্লিষ্ট ঠিকাদারগন কর্তৃক দাখিলকৃত বিল অনুমোদন করা হয় যাহা চূড়ান্ত অনুমোদনের জন্য প্রকল্পের পিএমইউ-তে প্রেরণের উদ্যোগ গ্রহণ করতে সংশ্লিষ্ট বিভাগের প্রতি অনুরোধ করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



(মোঃ আতাউর রহমান)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ

স্মারক নং: এলজিইডি/উপ্র/গফরগাঁও/২০২২

তারিখ : ২২/০৩/২০২২ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে :

- ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। অফিস কপি।



উপজেলা প্রকৌশলী

স্থানীয় সরকার ও প্রকৌশল অধিদপ্তর

গফরগাঁও, ময়মনসিংহ